

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd


৪৬.০২০.০০৪.০২.০০.০০৭.২০১৬- ১৫৫

তারিখ : ১৩/১১/১৭

বিষয় : প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এটি মামলা নং-৩৬৫/২০১৬, বাদী-জনাব বদিউজ্জামান ফারুকী, সহকারী প্রকৌশলী, দিনাজপুর পৌরসভা-বনাম সরকার ও অন্যান্য মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতাকরণ।

দিনাজপুর জেলার দিনাজপুর পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ বদিউজ্জামান ফারুকীকে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ পৌরসভায় সহকারী প্রকৌশলীর শূন্য পদে বদলী করার আদেশকে চ্যালেঞ্জ করে তিনি বাদী হয়ে বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর আদালতে ৩৬৫/২০১৬ নং এটি মামলা দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত এটি মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকার আদালতে দায়েরকৃত-৩৬৫/২০১৬ মামলায় সরকার পক্ষে নিয়োজিত আইনজীবীর পাশাপাশি মামলাটি সরকার পক্ষে প্রতিদ্বন্দিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।



(মোহাম্মদ শফিউল আরিফ)

উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫

ইমেইলঃ arif6550@yahoo.com.

জনাব স্বপন কুমার আইচ

বেসরকারি প্যানেল আইনজীবী

স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা;
- ২। উপসচিব(পৌর-১), স্থানীয় সরকার বিভাগ ;
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা ;
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ ;
- ৬। কম্পিউটার প্রোগ্রামার(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।